

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬২৩

পর্ব-১১: হজ (১৯৯০ । ১৯৯১)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - পাথর মারা

আরবী

عَنْ قُدَامَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَمَّارٍ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَرْمِي الْجَمْرَةَ يَوْمَ النَّحْرِ عَلَى نَاقَةٍ صَهْبَاءَ لَيْسَ ضَرْبٌ وَلَا طَرْدٌ وَلَيْسَ قِيلُ: إِلَيْكَ إِليك. رَوَاهُ الشَّافِعِيُّ وَالتَّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهْ وَالدَّارِمِيُّ

বাংলা

২৬২৩-[৬] কুদামাহ্ ইবনু 'আব্দুল্লাহ ইবনু 'আম্মার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কুরবানীর দিন একটি লাল-সাদা মিশ্রিত রংয়ের উদ্ধীর উপর চড়ে জামারায় পাথর মারতে দেখেছি। সেখানে কাউকে আঘাত করা ব্যতীত, হাঁকানো ব্যতীত এবং 'সরে যাও সরে যাও' শব্দ ব্যতীত (পাথর মেরেছেন)। (শাফি'ঈ, তিরমিয়ী, নাসায়ী, ইবনু মাজাহ ও দারিমী)[1]

ফুটনোট

[1] হাসান : নাসায়ী ৩০৬১, তিরমিয়ী ৯০৩, ইবনু মাজাহ ৩০৩৫, ইবনু আবী শায়বাহ্ ১৩৭৪৫, আহমাদ ১৫৪১১, দারিমী ১৯৪২, সহীহ ইবনু খুযায়মাহ্ ২৮৭৮, মুজামুল কাবীর লিত্ব ত্ববারানী ৭৭, মুসতাদ্রাক লিল হাকিম ৮৫৪৭, সহীহ আত্ তারগীব ১১২৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীস প্রমাণ করে যে, সওয়ারীতে আরোহণ করে কংকর নিক্ষেপ করা জায়িয় এবং কংকর নিক্ষেপের সময় কাউকে দূরে সরানো বা কস্ট দেয়া জায়িয় নয়। আর হাদীসটি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রত্যেক কাজে বিনয়ী হওয়া প্রমাণ করে। আরো প্রমাণ করে, কুরবানীর দিন সওয়ারীতে আরোহণ করে কংকর নিক্ষেপ করা জায়িয়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন